

বরিশাল নার্সিং কলেজের ক্লাস বর্জন শিক্ষার্থীদের

বরিশাল বুরো

২৬ আগস্ট ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের মঞ্চ



নার্সিং কলেজের শিক্ষার্থীদের ওপর হামলার ৪ মাস অতিবাহিত হলেও হামলাকারীদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা না নেওয়ায় ফের কর্মসূচি শুরু করেছেন বরিশাল নার্সিং কলেজের শিক্ষার্থীরা। গতকাল সোমবার সকাল ১০টায় প্রশাসনিক ভবনের সামনে জড়ো হয়ে শিক্ষার্থীরা বিক্ষেপ করেন।

শিক্ষার্থী শাকিল বলেন, নার্সিং কলেজের শিক্ষার্থীদের যৌক্তিক দাবিতে আমরা আন্দোলন শুরু করেছিলাম। ৬ মে আমাদের আন্দোলনে বহিরাগতদের এনে হামলা চালানো হয়। আমরা হামলাকারী ও তাদের মদতদাতাদের অত্র কলেজের শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়ে আজকে (সোমবার) ক্লাস বর্জন, ক্লিনিক্যাল প্র্যাক্টিস ও ল্যাব প্র্যাক্টিস বন্ধ ঘোষণা করেছি।